



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

জনসংযোগ বিভাগ

www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং- ৯২৭

তারিখ: ০৫ ডিসেম্বর ২০১৬

সংবাদ বিজ্ঞপ্তি

বিএডিসিতে 'রাইস ব্রিডিং অ্যান্ড সিড টেকনোলজি' শীর্ষক সেমিনারের উদ্বোধন করেন কৃষি সচিব

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সদর দপ্তর দিলকুশাস্থ কৃষি ভবনে 'রাইস ব্রিডিং অ্যান্ড সিড টেকনোলজি' শীর্ষক সেমিনারের উদ্বোধন করেন মাননীয় কৃষি সচিব জনাব মোহাম্মদ মঈনুদ্দিন আবদুল্লাহ। আজ ০৫ ডিসেম্বর ২০১৬ তারিখে বিএডিসি, চায়না ন্যাশনাল সিড গ্রুপ কোম্পানি লিমিটেড ও গোল্ডেন বার্ন কিংডম প্রাইভেট লিমিটেড যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে।

বিএডিসি'র চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ হামিদুর রহমান, চায়না ন্যাশনাল সিড গ্রুপ কোম্পানি লিমিটেডের ভাইস প্রেসিডেন্ট বিংচুয়ান তিয়ান (Bingchuan Tian)। সেমিনারে স্বাগত বক্তব্য দেন চায়না ন্যাশনাল সিড গ্রুপ কোম্পানির বাংলাদেশি কো-পার্টনার গোল্ডেন বার্ন কিংডম প্রাইভেট লি: এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শাহদাব আকবর। সেমিনারে বিএডিসি'র সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) জনাব মোঃ মনোয়ারুল ইসলাম, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মাহমুদ হোসেন, সদস্য পরিচালক (অর্থ) জনাব মোহাম্মদ মাহফুজুল হক, নিয়ন্ত্রক (অডিট) ড. মোয়াজ্জেম হোসেনসহ কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, চায়না ন্যাশনাল সিড গ্রুপ কোম্পানি লিমিটেডের কর্মকর্তাসহ বিএডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে কৃষি সচিব বলেন, বীজ হচ্ছে কৃষির মুখ্য উপাদান। বিএডিসি বাংলাদেশে বীজ উৎপাদনে অনন্য ভূমিকা রেখে চলেছে। আমাদের কৃষি জমি কমছে কিন্তু মানুষ বাড়ছে। এ বিপরীত ধারায় খাদ্যের চাহিদা পূরণে আমাদের উৎপাদন বাড়তে হবে। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় প্রতিকূলতা সহিষ্ণু জাতের হাইব্রিড বীজ উৎপাদন করতে হবে।

উল্লেখ্য, কৃষির উৎপাদন বাড়তে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং চায়না ন্যাশনাল সিড গ্রুপ কোম্পানি লিঃ এর যৌথ উদ্যোগে বাংলাদেশে একটি প্রায়োগিক গবেষণা কেন্দ্র স্থাপন করা হবে। গত ০৫ ডিসেম্বর ২০১৬ তারিখ বিএডিসিতে এ বিষয়ে দু'পক্ষের মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। চুক্তিপত্রে স্বাক্ষর করেন বিএডিসি'র মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান এবং চায়না ন্যাশনাল সিড গ্রুপ কোম্পানি লিমিটেড এর ভাইস প্রেসিডেন্ট বিংচুয়ান তিয়ান (Bingchuan Tian)।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বক্তারা বলেন, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাব বাংলাদেশের কৃষিকেও নানারকম ঝুঁকি ও হুমকির মুখে ফেলেছে। 'খরা, লবণাক্ততা, ঘূর্ণিঝড় ও বন্যায় ফসলের ব্যাপক ক্ষতি হয়। প্রায়োগিক গবেষণা কেন্দ্রটি এসব ঝুঁকি মোকাবেলার জন্য ধানসহ বিভিন্ন ফসলের উপযুক্ত জাত উদ্ভাবনে ভূমিকা রাখবে। প্রায়োগিক গবেষণা কেন্দ্রে স্থানীয় জাতের ধান যেমন- বালাম, কালজিরা, চিনিগুড়া ইত্যাদির সুগন্ধি যথাযথ বজায় রেখে হাইব্রিড বীজ উৎপাদন করা হবে। বিএডিসি'র চেয়ারম্যান বলেন, বাংলাদেশের কৃষি উন্নয়ন এবং দেশের স্থিতিশীল খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনে এই প্রায়োগিক গবেষণা কেন্দ্র গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মোহাম্মদ, ০৫/১২/২০১৬

(শেখ মোহাম্মদ সাইফুল ইসলাম)

জনসংযোগ কর্মকর্তা

বিএডিসি, ঢাকা

ফোন: ৯৫৫২২৫৬

ই-মেইল: pro@badc.gov.bd